সরকারের জন্য বার্তা

কোভিড-১৯-এর বিরুদ্ধে লড়াইয়ে শিশু-সুরক্ষার সমন্বয়সাধন

সামগ্রিক বার্তা

কোভিড-১৯ একটা জনস্বাস্থ্যবিষয়ক জরুরি অবস্থা যা শিশুদের সুরক্ষা, কল্যাণ ও বিকাশে স্বল্প ও দীর্ঘ উভয় মেয়াদে প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাব ফেলছে। উদাহরণস্বরূপ, বিদ্যালয় বন্ধ, বন্দিদশা এবং খাদ্য নিরাপত্তা ও আয় কমে যাওয়া শিশুদেরকে প্রাণঘাতী ঝুঁকির মধ্যে ফেলছে। এসব ঝুঁকির মধ্যে রয়েছে সহিংসতা, শোষণ, নির্যাতন, পারিবারিক বিচ্ছেদ এবং পরিস্থিতির সাথে মানিয়ে নেয়ার জন্য বাল্যবিবাহ ও বিপজ্জনক শিশুশ্রমে যুক্ত হওয়ার মতো ক্ষতিকর পারিবারিক কৌশলের মুখোমুখি হওয়া।

শিশু সুরক্ষা হস্তক্ষেপগুলো প্রকারান্তে শিশুদের জীবনরক্ষাকারী। কোভিড-১৯ মোকাবেলার প্রস্তুতি ও পরিকল্পনায় অবশ্যই সবচেয়ে নাজুক লোকদের জন্য সুরক্ষা পরিষেবা অন্তর্ভূক্ত হতে হবে যাতে শিশু ও তাদের পরিবারের কাছে সুরক্ষামূলক ব্যবস্থা সহজলভ্য ও প্রাপ্তিসাধ্য হওয়া নিশ্চিত করা যায়।

সবক্ষেত্রে শিশুদের সুরক্ষা নিশ্চিত করার জন্য একটি বহুখাতভিত্তিক সমন্বিত পদ্ধতি গ্রহণ করতে পুরো-সরকার-যৌথভাবে-কাজের-দৃষ্টিভঙ্গী গ্রহণ এবং প্রাসঙ্গিক সকল মন্ত্রনালয়ের মধ্যে সমন্বয় অত্যন্ত জরুরি।

কোভিড-১৯ সংশ্লিষ্ট সাড়ায় শিশুসুরক্ষামূলক সকল কার্যকলাপে যা যা থাকা উচিত: মানবিক কাজে শিশু সুরক্ষার নুন্যতম মানএর সাথে সামঞ্জস্যতা; শিশুদের অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্য; এবং লিঙ্গ, বয়স, অক্ষমতা এবং অন্যান্য বিষয়গুলি বিবেচনায় নেওয়া।

কোভিড-১৯ সংশ্লিষ্ট সাড়ায় অবশ্যই সমস্ত সেবা পাওয়া এবং গোপনীয়, শিশু-বান্ধব, রিপোর্টিং চ্যানেলে নিরাপদ প্রবেশাধিকার পাওয়ার নিশ্চয়তা সম্বলিত "যৌন শোষন ও নিপীড়ন থেকে সুরক্ষা" (প্রোটেকশন ফ্রম সেক্সুয়াল এক্সপ্লয়টেশন অ্যান্ড অ্যাবিউজ - পিএসইএ) সমন্বিত থাকতে হবে। আরো বিস্তারিত জানার জন্য দেখুনপিএসইএ প্রসঙ্গে আইএএসসি'র অন্তর্বর্তীকালীন কারিগরী নোট কোভিড-১৯ সংশ্লিষ্ট সাড়াপ্রদান চলাকালীন।

কোভিড-১৯ অতিমারির সময় শিশু সুরক্ষাকে অগ্রাধিকার না দেয়ার ঝুঁকিসমূহ

- উচ্চ ঝুঁকিপূর্ণ শিশু সুরক্ষা মামলাগুলি কোন ধরণের ফলোআপ বা রূপান্তর পরিকল্পনা ছাড়াই পড়ে থাকে।
- শিশু সুরক্ষার নতুন মামলাগুলো তত্ত্বাবধান করা হয়না বা যথাযথ কর্তৃপক্ষের কাছে রেফার করা হয়না।
- যৌন নির্যাতন, শারীরিক সহিংসতা, অথবা অবহেলার মতো শিশু সুরক্ষা সংশ্লিষ্ট যেসব ঝুঁকি প্রায়ই আড়ালে থেকে যায় সেসব বিষয়ে নিবেদিত সুরক্ষাকর্মী না থাকলে সেগুলোর নিয়মিত ফলোআপ ও পর্যবেক্ষণ করা হয় না।
- আরো অনেক শিশু, যেমন যারা রাস্তায় থাকে, পরিবারে কোভিড-১৯ সংক্রমণের কারণে কোয়ারান্টিন বা ভ্রমণ নিষেধাজ্ঞার কারণে বিচ্ছিন্ন হয়ে আছে, তারা ঝুঁকির মধ্যে পড়েছে।
- সমাজসেবায় সরকারি অনুদান কমিয়ে আনা হচ্ছে এবং সেবা গ্রহণের সুযোগ উল্লেকযোগ্যভাবে হ্রাস পাচ্ছে (যেমন, গৃহবন্দি শিশুদের জন্য দূর থেকে সহায়তা প্রদানের জন্য মানানসই ব্যবস্থা গ্রহণ করা হচ্ছেনা)।

সুনির্দিষ্ট বার্তা

1. শিশু সুরক্ষা বিষয়ে অগ্রাধিকার দিন

- কোভিড-১৯ প্রাদুর্ভাব চলাকালে বিভিন্ন দেশের সরকারের উচিত হবে সমাজসেবা কর্মীদের অত্যাবশ্যকীয় কর্মী হিসাবে শ্রেণীভূক্ত করা, যাতে তারা শিশু ও তাদের পরিবারদের জীবনরক্ষামূলক সেবা দিয়ে যেতে পারে।

- সেবা প্রাপ্তির বাধাসমূহ বিবেচনায় নিয়ে বিদ্যমান কর্মসূচিগুলো মানানসই করা, উদাহরণস্বরূপ, শিশুদের জন্য হেল্পলাইন, রেডিওর মাধ্যমে বার্তা প্রচার, নাজুকতার মধ্যে থাকা শিশুদের ক্ষেত্রে রিমোট চেক-ইন প্রতিষ্ঠা করা ইত্যাদি।

- জরুরী সেবাগুলোর মধ্যে মানসিক স্বাস্থ্য ও মনস্তাত্বিক সহায়তা, কেইস ব্যবস্থাপনা, বিকল্প লালনপালন পরিষেবা ও তদারকি, শিশুদের সহায়তায় নিবেদিত ফোনলাইন ও অন্যান্য অপরিহার্য সেবা সহ শিশু সুরক্ষা সেবাগুলোকে অগ্রাধিকার দিন যাতে এসব অতি গুরুত্বপূর্ণ সেবাগুলো চালু থাকে।

- সহিংসতা, নিগ্রহ ও শোষণের উচ্চ ঝুঁকিতে থাকা শিশু ও তাদের পরিবারগুলোর জন্য উপযুক্ত সহায়তা বজায় রাখতে শিশু সুরক্ষা কেইস-কর্মীদের সহায়তা করুন। ঝুঁকির মাত্রা (যেমন, অতি ঝুঁকিপূর্ণ, মাঝারি, ও কম ঝুঁকিপূর্ণ কেইস) বিবেচনা করে কেইসের অগ্রাধিকার ঠিক করুন এবং ঝুঁকির মাত্রা অনুযায়ী যথাযথ কর্মপন্থা নির্ধারণ করুন। লেবাননের কোভিড-১৯ চাইল্ড প্রোটেকশন কেস ম্যানেজমেন্ট নির্দেশিকার উদাহরণ অংশের দ্বিতীয় পৃষ্ঠা দেখুন। *বৈশ্বিক কেইস ম্যানেজমেন্ট নির্দেশিকা প্রকাশিতব্য।*

- তহবিল ও সমাজসেবাকর্মীর ঘাটতি পূরণ করতে নাগরিক সমাজ ও বেসরকারী খাতের সাথে একত্রে কাজ করুন

- সম্মিলিত সম্পদ বৃদ্ধি, সাড়া প্রদানের সামগ্রিক দক্ষতা এবং মান বৃদ্ধির জন্য একটি সমন্বয় প্লাটফর্ম গঠনের মাধ্যমে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ও মন্ত্রনালয়গুলো বিভিন্ন স্তরর সিপি সংস্থা ও প্রতিষ্ঠানগুলোর সাথে কাজ করা উচিত।

2. কোয়ারান্টিন বা আইসোলেশনে ঝুঁকিতে থাকা শিশুরা

- কোভিড-১৯-এর সময় কোয়ারান্টিন বা আইসোলেশনে থাকা শিশুদের শারীরিক ও মানসিক চাহিদা মেটানোর জন্য প্রটোকল ও পরিকল্পনা বাস্তবায়ন করুন। সম্ভবপর সবজায়গায় অসুস্থ শিশুদের সাথে তাদের মা-বাবাকে রাখার ব্যবস্থা করুন।

- কখনো মা-বাবা ও শিশু প্রাথমিক কেয়ারার থেকে সাময়িকভাবে বিচ্ছিন্ন হয়ে গেলে ফোনকল, ভিডিওকল ইত্যাদির মাধ্যমে প্রাত্যাহিক যোগাযোগের ব্যবস্থা করুন।

- যেসব শিশুর কেয়ারার কোয়ারান্টিনে আছেন, তাদের জন্য পরিবারভিত্তিক কেয়ার দেয়ার ব্যবস্থা করুন, আর সেখানে পরিবারের বাইরে অন্তর্বর্তীকালীন কেয়ারের ব্যবস্থাকে (যেমন, ছোট গ্রুপ হোম অথবা অন্তর্বর্তীকালীন সেবা কেন্দ্র) সর্বশেষ উপায় হিসেবে রাখুন।

- যেসকল শিশুরা বৃদ্ধ বা গুরুতর অসুস্থ বা প্রতিবন্ধী কেয়ারারের সেবা করছে/ সাথে বাস করছে, তাদের অগ্রাধিকার ভিত্তিতে তাৎক্ষনিক সহায়তা নিশ্চিত করুন।

3. *কর্মীদের স্বাস্থ্য ও কল্যাণ*

- শিশুদের যত্ন ও সুরক্ষায় কে্ ওয়ার্কার ও সমাজকর্মীদের *নিরাপদে* প্রয়োজনীয় পরিষেবাপ্রদান অব্যাহত রাখতে প্রয়োজনীয় প্রতিরক্ষামূলক সরঞ্জাম সরবরাহ করুন এবং ঝুঁকি প্রশমন প্রশিক্ষণ দিন।

- সংক্রমন, প্রতিরোধ ও নিয়ন্ত্রণ (ইনফেকশন, প্রিভেনশন অ্যান্ড কন্ট্রোল – আইপিসি) নির্দেশিকাটি কেসওয়ার্কারদের জন্য বাস্তবায়ন করুন যাতে শিশু/কেয়ারার, কেইসওয়ার্কার ও কমিউনিটি স্বেচ্ছাসেবকদের স্বাস্থ্য ও সুরক্ষা নিশ্চিত করা হয়।

- নতুন নেটওয়ার্ক বা ভার্চুয়াল স্পেস তৈরির উপায়গুলি চিহ্নিত করুন যাতে সমাজকর্মীরা তথ্য, সহকর্মী এবং অন্যান্য সহায়তা নেটওয়ার্কে প্রবেশ করতে পারেন এবং এটি করার জন্য তাঁদের প্রয়োজনীয় প্রযুক্তি ও সরঞ্জাম সরবরাহ করুন।

4. *বহু খাতের মধ্যকার সহযোগিতা*

- শিশু সুরক্ষা, লিঙ্গ-ভিত্তিক সহিংসতা, মানসিক স্বাস্থ্য ও স্বাস্থ্য খাতে যেসব কর্মী কাজ করেন তাদের জন্য বার্তা সমন্বয় করে কোভিড-১৯ সম্পর্কে ধারাবাহিক, সঠিক বার্তা, ও শিশুদের ঝুঁকি হ্রাস করার নানা উপায় (যেমন, ইতিবাচক অভিবাকত্বের প্রতি উৎসাহদান, কীভাবে পারিবারিক বিচ্ছেদের ঝুঁকি হ্রাস করা যায়, ইত্যাদি) উৎসাহিত করুন।

- *নতুন বা উপযোগী* স্বাস্থ্য, শিক্ষা, মানসিক স্বাস্থ্য ওমনস্তাত্বিক সহায়তা, ও অন্যান্য পরিষেবা ও সম্পদসমূহকে প্রতিফলিত করে এমন বহুখাতের মধ্যকার রেফারেলের উপায় হালনাগাদ বা শক্তিশালী করুন

প্রচ্ছদের ছবি:

© UNICEF/UN0339412/Frank Dejongh

এ প্রিল ২০২০

আদান-প্রদান করুন ও শিখুন

আপনার দেশ থেকে পাওয়া শিক্ষা মুল্যবান। বিদ্যমান রিসোর্স ও শেয়ার করার মতো জিনিসপত্র দেখার জন্য অনুগ্রহ করে CP AoR কোভিড-১৯ রিসোর্স মেনু পর্যালোচলা করুন, অনুদানপ্রদানেরজন্য cpaor@unicef.org-এ যোগাযোগ করুন। আরো নির্দেশনার জন্য *দ্য অ্যালায়েন্স "কোভিড-১৯ প্রাদুর্ভাবের সময় শিশুদের সুরক্ষা" দেখুন ১১টি ভাষায় কারিগরী নোটসহঃ https://alliancecpha.org/en/series-of-child-protection-materials/protection-children-during-covid-19-pandemic*